মেহেরপুরে এইচএসসি দাখিল ও ভোকেশনাল পরীক্ষার্থী ৫৮৬৮ জন

করোনার দীর্ঘ অপেক্ষার পর মেহেরপুরের ১৪ টি পরীক্ষা কেন্দ্রে শুরু হয়েছে এইচএসসি, ভোকেশনাল ও দাখিল পরীক্ষা। দীর্ঘ দিন পর পরীক্ষা কেন্দ্রগুলোতে পরীক্ষা শুরু হওয়ায় পরীক্ষার্থীদের মধ্যে দেখা গেছে নানা ধরনের উৎসাহ উদ্দীপনা।

চলতি এইচএসসি, ভোকেশনাল ও দাখিল বাংলা ১মপত্র পরীক্ষায় ৫৮৬৮ জন পরীক্ষার্থী অংশ নিয়েছেন।

এর মধ্যে এইসএসসি পরীক্ষার্থী ৪ হাজার ৯০০, ভোকেশনাল শাখায় ৮১২ ও দাখিল শাখায় ১৫৬ জন শিক্ষার্থী অংশ নেন।
মেহেরপুর জেলায় মোট ১৪ টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে।

পরীক্ষা কেন্দ্রগুলো পরিদর্শন শেষে সাংবাদিকদের দেওয়া সংক্ষিপ্ত বক্তব্যে মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান বলেন, মেহেরপুর জেলার কেন্দ্রগুলোতে পরীক্ষা সুন্দরভাবে অনুষ্ঠিত হচ্ছে। আমাদের সন্তানেরা যাতে সুন্দর ভাবে পরীক্ষা দিতে পারে সেজন্য মেহেরপুর জেলা প্রশাসন ও পুলিশ বিভাগের পক্ষ থেকে কেন্দ্রগুলোতে সব ধরনের সহায়ক পরিবেশ সৃষ্টি করা হয়েছে। তাদের হাত দিয়েই আগামীর বাংলাদেশ। তারা ভবিষ্যতে নেতৃত্ব দেবে, দেশকে এগিয়ে নেবে। তারাও আগামিতে বাংলাদেশের পরীক্ষা নেবে। তাদের জীবনে আজকে এই এইচএসসি পরীক্ষার মধ্য দিয়ে একটি গুরুত্বপূর্ণ অধ্যয় শুরু হলো। তারা নিজেদের তৈরীর করার মধ্য দিয়ে এই দেশকে কিছু দেবে। এই দেশ হবে সমৃদ্ধ।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় শিশু ও

নারীসহ ৫ জন আহত

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী বনবিভাগপাড়া এলাকায় কুকুরের সাথে পাখি ভ্যানের ধাক্কায় শিশু ও নারীসহ ৫জন আহত হয়েছেন।

আহতদের মধ্যে ১ জন কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ও ৪ জনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে।

আহতরা হলেন, গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামের জামিরুল ইসলামের স্ত্রী লাইলী খাতুন (৪৫), তার ছেলে মোরছালিন (৪), গজাড়িয়া হেমায়েতপুর গ্রামের আইনাল হকের স্ত্রী রুপা খাতুন (৩৪) তার মেয়ে ইরিন খাতুন (১৪) ও একই উপজেলার বাদিয়াপাড়া গ্রামের আসাদুজ্জামানের স্ত্রী নিলা খাতুন (৫৫)।

আজ রবিবার (৬ অক্টোবর) বেলা ১১ টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলা শহরের বনবিভাগপাড়া এলাকায় কুকুরের সাথে পাখি ভ্যানের ধাক্কায় রাস্তার উপর ভ্যানটি উল্টে গেলে তারা আাহত হন।

আহতদের মধ্যে নিলা খাতুনের অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আহত ইরিন খাতুন বলেন, তারা পাখি ভ্যানে চড়ে তার এক আত্মীয়কে দেখতে মেহেরপুর জেনারেল হাসপাতালে যাচ্ছিলাম। গাংনী বনবিভাগ পাড়া এলাকায় একটি কুকুর রাস্তা পার হচ্ছিল। পাখি ভ্যানটি তার শরীরের উপরে চলে গেলে ভ্যাসনি উল্টে গিয়ে তারা আহত হন।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন।

দর্শনা-গেদে সড়ক ও স্থল পথে

ভিসা চালুর দাবিতে গণ জামায়েত

২৫ জেলার জনগণের ভোগান্তি লাঘব ও বাংলাদেশ-ভারত সম্পর্ক সুদৃঢ় করার লক্ষ্যে অবিলম্বে দর্শনা-গেদে সড়ক স্হল পথে ভিসা চালুর দাবিতে গণ জামায়েত অনুষ্ঠিত হয়েছে।

দর্শনা নাগরিক কমিটির উদ্যোগে গতকাল শনিবার সকাল ১০ ঘটিকার সময় দর্শনা আন্তর্জাতিক রেল স্টেশন বন্দর চত্বরে এই গণ জমায়েত অনুষ্ঠিত হয়।

উক্ত গন জমায়েতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজাদুল ইসলাম আজাদ এসময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও নবনির্বাচিত চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, জীবননগর উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল লতিফ অমল, দর্শনা পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মনসুর বাবু, জীবননগর উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক আবু মো. আব্দুল লতিফ অমল, দর্শনা গনউন্নয়ন পাঠাগারের (সিডিএল) পরিচালক কবি আবু সুফিয়ান, জীবননগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি মাহবুবুর রহমান বাবু,

সাংবাদিক সালাউদ্দিন কাজল, দর্শনার প্রবীন সাংবাদিক মাহফুজ উদ্দিন খান, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরু,

দর্শনা পৌর আওয়ামী লীগের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোঃ রুস্তম আলী, বিশিষ্ট সিএন্ডএফ ব্যবসায়ী আতিয়ার রহমান হাবু, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ চুয়াডাঙ্গা জেলা শাখার সাধারণ সম্পাদক কিশোর কুমার কুন্ড,দর্শনা নাগরিক কমিটির আহ্বায়ক ও দর্শনা পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক-মোঃ গোলাম ফারুক আরিফ সহ দর্শনা নাগরিক কমিটির সদস্যবৃন্দ, সাংবাদিকবৃন্দ সহ স্থানীয় জনসাধারণ ২০০-২৫০ জন উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ২শ গ্রাম গাঁজাসহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুর শহরের প্রান্তিক সিনেমা হল এলাকায় অভিযান চালিয়ে ২শ গ্রাম গাঁজাসহ আবুল খায়ের (৫৪) কে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ ।

গতকাল শনিবার দুপুরে ডিবির এসআই বিশ্বজিৎ সরকারের নেতৃত্বে ডিবি পুলিশের একটি টিম এ অভিযান পরিচালনা করেন। এসময় এএসআই হেলাল উদ্দিন, এএসআই মাসুদ রানা অভিযানে অংশ নেন।

ডিবি পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে খবর পাওয়া যায় শহরের প্রান্তিক সিনেমা হল এলাকার মৃত আবুল কাশেমের ছেলে আবুল খায়েরের বাড়িতে মাদকদ্রব্য বিক্রয় চলছে। এমন খবরের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে ৮৩ পুরিয়া গাঁজাসহ (২শ গ্রাম) তাকে আবুল খায়েরকে আটক করে সদর থানায় মামলা দিয়ে সোপর্দ করা হয়েছে।

দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

বঙ্গবন্ধুর দর্শন,সমবায়ে উন্নয়ন প্রতিপাদ্য বিষয় কে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় সমবায় দিবস উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা করা হয়েছে।

শনিবার উপজেলা প্রসাশন ও সমবায় বিভাগের আয়োজনে র্যালি,আলোচনা সভা,সম্মনা স্বারক প্রদান করা হয়েছে।

দিবসটি উপলক্ষে সকাল সাড়ে ১০টার দিকে উপজেলা পরিষদ চত্বরে জাতীয় ও সমবায় পতাকা উত্তেলন করেন উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার। এরপর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা

নির্বাহী অফিসারের নেতৃত্বে উপজেলা পরিষদ চত্বর থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়ে উপজেলা চৌরাস্তার মোড় ঘুরে একই স্থানে এসে শেষ হয়।পরে উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন,উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু। বিশেষ অতিথী ছিলেন,উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক হাজী শহিদুল ইসলাম,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সহিদুল ইসলাম ও দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) ফেরদৌস ওয়াহিদ।

আলোচনা সভায় স্বাগত বক্তব্য রাখেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ। এছাড়াও বক্তব্য রাখেন দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান ও উপজেলা যুবলীগের সাধারন সম্পাদক হযরত আলি,দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, উপজেলা কৃষক সংগঠনের সভাপতি দামুড়হুদা সদর ইউপির সদস্য সামসুল ইসলাম।

সমবায়ী দের মধ্যে বক্তব্য রাখেন,আলি আজগার সোনা,উপজেলা চুল প্রসেসিং সমিতির সভাপতি হাসিবুজ্জামান সহিদসহ অন্যরা।আলোচনা সভা শেষে উপজেলা পর্যায়ে ৫টি ক্যাটাগরিতে ক্রেস্ট ৫টি সমবায় সমিতির সম্মাননা স্বারক প্রদান করা হয়। সমগ্র অনুষ্ঠান সঞ্চালনা করেন উপজেলা সমবায় অফিসার হারুন অর রশিদ।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি আলোচনা সভা

মেহেরপুর জেলা জাতীয় পার্টির উদ্যোগে আলোচনা সভার আয়োজন করা হয়। শনিবার বিকেলে মেহেরপুর জেলা জাতীয় পার্টির প্রধান কার্যালয় কাথুলী বাসস্ট্যান্ডে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল হাদীর সভাপতিত্বে মেহেরপুর পৌর জাতীয় পার্টি সদস্য সচিব মোঃ হামিদুল ইসলাম এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয়

পার্টি কেন্দ্রীয় কমিটির সদস্য ও জাতীয় পার্টি চুয়াডাঙ্গা জেলা কমিটির সভাপতি এডভোকেট সোহরাব হোসেন, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জাতীয় পার্টি চুয়াডাঙ্গা জেলা কমিটির সিনিয়র সহ-সভাপতি মোঃ শাহাবুদ্দিন বিশ্বাস খোকন, জাতীয় পার্টি চুয়াডাঙ্গা জেলা কমিটির সহ-সভাপতি মোঃ জাহিদ হোসেন, মেহেরপুর জেলা জাতীয় পার্টি সদস্য সচিব সুমন পারভেজ, মেহেরপুর পৌর জাতীয় পার্টি আহ্বায়ক মোঃ আব্দুল মান্নান, সদর উপজেলা জাতীয় পার্টি সভাপতি (ভারপ্রাপ্ত) খিলাফত আলী, সদর উপজেলা জাতীয় পার্টি সাংগঠনিক সম্পাদক মোঃ খাইরুল বাশার মিঠু, জাতীয় যুব সংহতি মেহেরপুর জেলা শাখার আহ্বায়ক মোঃ মাহমুদুল হাসান সহ বিভিন্ন নেতাকর্মী উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে বঙ্গবন্ধু সৈনিক লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টায় জোহান ড্রীমভ্যালী পার্কে এই সভা অনুষ্ঠিত হয়।

জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সভাপতি সৈয়দ আল এমরানের সভাপতিত্বে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক আঃ মান্নান রানা।

এছাড়াও ঝিনাইদহ প্রেসক্লাবের প্রচার সম্পাদক ও খুলনা মহানগরের সাবেক ছাত্র নেতা শামীমুল ইসলাম শামীম, জেলা সৈনিক লীগের সহ সভাপতি আতিয়ার রহমান, সাংগঠনিক সম্পাদক বি এম শফি উদ্দিন, আক্তারুজ্জামান, প্রচার ও প্রকাশনা সম্পাদক সাহেদ কবির লিমন, জেলা সৈনিক লীগ নেতা মোস্তফা কামাল, আলম গীর হোসেনসহ জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের নেতৃবৃন্দ উপস্থিত ছিল।

বক্তারা বলেন আগামী ১৮ নভেম্বরের কেন্দ্রীয় সম্মেলন অনুষ্ঠিত হবে। এই সম্মলনের মধ্যদিয়ে আমরা আশা করছি বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা আমাদের এই সংগঠনকে বাংলাদেশ আওয়ামী লীগের সহযোগী সংগঠন হিসেবে স্বীকৃতি দেবেন। বক্তারা আরো বলেন আগামী

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ দলীয় প্রার্থীকে জয়লাভের জন্য মাঠে সৈনিক লীগের নেতা কর্মীদের সক্রিয় কাজ করার আহবান জানান।

ঝিনাইদহে জাতীয় সমবায় দিবস পালিত

‘বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ৫১তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে।

জেলা সমবায় বিভাগের আয়োজনে শনিবার সকালে পুরাতন ডিসি অফিস থেকে একটি র্যালি বের হয়। র্যালিটি শহর প্রদক্ষিন করে জেলা শিল্পকলা একাডেমীতে গিয়ে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত হয় আলোচনা সভা।

কেন্দ্রীয় সমবায় ব্যাংকের সভাপতি সাইদুল করিম মিন্টুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মনিরা বেগম। বিশেষ অতিথি হিসেবে ছিলেন পুলিশ সুপার মোহাম্মদ আশিকুর রহমান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এসএম শাহীন, জেলা সমবায় ইউনিয়নের সভাপতি মিজানুর রহমান ও জেলা সমবায় অফিসার জাফর ইকবাল।

বক্তারা, দেশের উন্নয়নে আধুনিক প্রযুক্তি জ্ঞানসম্পন্ন ব্যবস্থাপনার মাধ্যমে সমবায় পরিচালিত করার আহ্বান জানান। সেই সাথে সমবায়ের নামে সুদ ব্যবসায়ীদের বিরুদ্ধে কঠোর হুশিয়ারি দেন।

মেহেরপুরে ৫১ তম জাতীয় সমবায়

দিবস উপলক্ষে আলোচনা সভা

জেলা প্রশাসন ও সমবায় বিভাগ মেহেরপুর কর্তৃক আয়োজিত ৫১ তম জাতীয় সমবায় দিবস ২০২২ বঙ্গবন্ধু দর্শন সমবায়ে উন্নয়ন শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়।

শনিবার সকালে মেহেরপুর উপজেলা হল রুমে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসক ড. মোঃ মুনসুর আলম খানের সভাপতিত্বে এবং জেলা সমবায় কার্যালয়ের সহকারী প্রশিক্ষক মোঃ রোকনুজ্জামান তুষারের সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে ভার্চুয়াল ভাবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার মোঃ জামিরুল ইসলাম, মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালাম, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মোঃ লিংকন বিশ্বাস, জেলা সমবায় কর্মকর্তা প্রভাষ চন্দ্র বালা, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ ওবায়দুল্লাহ উপস্থিত ছিলেন।

এ সময় সমবায়ীদের মধ্য থেকে বক্তব্য রাখেন হাসনাবাদ মৎস্যজীবী সমবায় সমিতির সদস্য মোঃ শরিফুল ইসলাম, জ্যোতি মহিলা সমবায় সমিতির সম্পাদক উম্মেহানি চায়না খাতুন।

জেলা সমবায় কর্মকর্তা মেহেরপুর কর্তৃক বিশেষ সম্মানীয় পুরস্কার প্রদান ২০২২ (সমবায় সমিতি ক্যাটাগরি) পুরস্কার প্রদান করেন চাদবিল মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড এর সভাপতি জনাব জয়দেব হালদার, হরিরামপুর বিলপাড়া মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেডের সভাপতি মোঃ ফিরাদুল ইসলাম, হাসনাবাদ মৎস্যজীবী সমবয় সমিতি লিমিটেডের সভাপতি মোঃ লুৎফর আলী, তেরঘরিয়া বিলপাড়া মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেডের সভাপতি মোঃ মোখলেছুর রহমান, স্বর্ণপদক প্রাপ্ত সমবায়ী শ্রী খুদিরাম হালদারকে পুরস্কার প্রদান করা হয়।

কোটচাঁদপুরে নানা আয়োজনে ৫১ তম জাতীয় সমবায় দিবস পালিত

সমবায় শক্তি, সমবায় মুক্তি – “বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন” এই প্রতিপাদ্য কে সামনে রেখে ৫১ তম জাতীয় সমবায় দিবস- ২০২২ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে উপজেলা প্রশাসন ও উপজেলা সমবায় কার্যালয়ের আয়োজনে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি শোভাযাত্রা বের হয়ে শহরের বিভিন্ন দিক প্রদক্ষিণ শেষে জাতীয় পতাকা উত্তোলনের মধ্যে দিয়ে উপজেলা পরিষদ মিলনায়তনে নির্বাহী অফিসার খান মাসুম বিল্লাহ’র সভাপতিত্বে ও মহিলা বিষয়ক কর্মকর্তা মোছাঃ শিলা বেগমের সঞ্চালনায়।

স্বাগত বক্তব্য রাখেন সহকারী পরিদর্শক ও উপজেলা সমবায় অফিসার (দায়িত্বপ্রাপ্ত) মোছাঃ তাহমিনা আক্তার। জাতীয় সমবায় দিবসে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান ও আওয়ামিলীগ সভাপতি শরিফুন্নেছা মিকি, বিশেষ অতিথি উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, দোড়া ইউনিয়ন চেয়ারম্যান আব্দুল জলিল, বলুহর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান বজলুর রহমান, তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা, পল্লী সঞ্চয় কর্মকর্তা চম্পা অধিকারী, উপজেলা কৃষক লীগের সহ-সভাপতি আনোয়ার হোসেন মুকুল, সহকারী পরিদর্শক মোঃ হারুন-উর রশিদ, উষা সমবায় সমিতির সভাপতি আব্দুল হান্নান, কোটচাঁদপুর রিপোর্টার্স ইউনিটির সাধারণ সম্পাদক খোন্দকার আব্দুল্লাহ বাশার প্রমুখ।

সে সময় বক্তারা সমবায় সমিতি সম্পৃক্ত বিভিন্ন উন্নয়ন মূলোক কর্মকাণ্ড তুলে ধরে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন। এ সময় বিভিন্ন সমবায় সমিতির সদস্য সহ উপজেলা প্রশাসনে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।